

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



তারিখ: ১৩ মাঘ ১৪২৭

২৭ জানুয়ারি ২০২১

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০৬০.২০.৬

বিষয়: লক্ষীপুর জেলার রামগতি উপজেলার হৈয়দনগর হাবিবিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আব্দুল আউয়াল এবং সহকারী শিক্ষক (কৃষি) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন শিমুল এর এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসার সুপারের অনুরোধ পত্রের আলোকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিকে অবহিতকরণ।

সূত্র: লক্ষীপুর জেলার রামগতি উপজেলার হৈয়দনগর হাবিবিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ ওবায়দুল্লাহ এর নিকট হতে আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ে লক্ষীপুর জেলার রামগতি উপজেলার হৈয়দনগর হাবিবিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আব্দুল আউয়াল এবং সহকারী শিক্ষক (কৃষি) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন শিমুল এর এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত মাদ্রাসার সুপার কর্তৃক এ বিভাগে আবেদন দাখিল করা হয়েছে।

০২. এ বিষয়ে গত ১৩.০২.২০১৮ তারিখের আবেদন হতে দেখা যায়, লক্ষীপুর জেলার রামগতি উপজেলার হৈয়দনগর হাবিবিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আব্দুল আউয়াল এবং সহকারী শিক্ষক (কৃষি) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন শিমুলকে নিয়োগের জন্য ম্যানেজিং কমিটি সুপারিশ করা হলেও পরবর্তীতে ম্যানেজিং কমিটি কর্তৃক তাঁদেরকে দায়িত্ব পালনে বাধা প্রদান করা হয়েছে।

০৩. এর পরিপ্রেক্ষিতে গত ১১.১২.২০১৬খ্রি. তারিখের প্রতিকার চেয়ে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আবেদন দাখিল করা হয়।

০৪. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক উক্ত বিষয়ে কোন ব্যবস্থা গৃহীত না হওয়ায় মাদ্রাসার সুপার কর্তৃক হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৪২৫/২০১৮ দায়ের করা হয়। উক্ত রিট পিটিশন নং-৩৪২৫/২০১৮ এর রায়ের একাংশ নিম্নরূপ:

"However, the respondent No. 1, the secretary, Ministry of Education, Bangladesh Secretariat, Ramna, Dhaka is directed to dispose of the application dated 13.02.2018 Annexure- J to the writ petition submitted before him by the petitioner within a reasonable time from the date of receipt of this order, let us make it clear that the respondent No. 1 will be at liberty to take decision on the said application in any manner in accordance with law."

০৪. উক্ত আদেশের পরিপ্রেক্ষিতে গত ২৭.০৭.২০১৭ তারিখে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা সহকারী শিক্ষকদের দায়িত্ব পালনের সুযোগসহ বেতন-ভাতাদি প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসার সুপার ও ম্যানেজিং কমিটিকে অনুরোধ করা হয়।


০৫. উক্ত পত্রের আলোকে গত ১৮.০৯.২০১৭ তারিখে এডহক কমিটি বেতন-ভাতাদি'র সরকারি অংশ প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ

করেন। উক্ত সিদ্ধান্তের আলোকে সুপার সভাপতির প্রতিশ্রুতিরসহ সকল কাগজপত্র এমপিওভুক্তির জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামগতি, লক্ষীপুর এর নিকট দাখিল করেন কিন্তু কোন প্রকার কারণ ব্যতীত সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা অফিসার এমপিওভুক্ত করছেন না মর্মে সুপার কর্তৃক উল্লেখ করা হয়েছে।

০৬. সুপারের আবেদনের বর্ণনা মতে এটা (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামগতি, লক্ষীপুর এর) গুরুতর দায়িত্ব অবহেলা।

০৫. এমতাবস্থায়, এ সংক্রান্তে সকল প্রক্রিয়া অনুসরণ সত্ত্বেও লক্ষীপুর জেলার রামগতি উপজেলার ছৈয়দনগর হাবিবিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আব্দুল আউয়াল এবং সহকারী শিক্ষক (কৃষি) জনাব মোঃ ইমতিয়াজ হোসেন শিমুল এর এমপিও অনুমোদনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ না করার কারণ (প্রমানকসহ) আগামী ০৪.০২.২০২১ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।



২৭-১-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা- রামগতি,
জেলা- লক্ষীপুর।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০৬০.২০.৬/১(৪)

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



২৭-১-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব